কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০

(জাতীয় সবজি বীজ কর্মসূচি)

(ই মেইল: jdvegbadc@gmail.com)

স্মারক নং- ১২.২৮১.০৬৫.০০.০০.০৯৯.২০১৭_ ৯২৯

তারিখ ঃ ২০ সেপ্টেম্বর'২০১৭

পরিপত্র

দেশের বীজনীতির আলোকে বীজশিল্প উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বেসরকারি পর্যায়ে আগ্রহী পেঁয়াজ চাষি/উৎপাদনকারি কিংবা বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বীজ কার্যক্রমের সেবাসমূহ যেমন পেঁয়াজ বাল্ব বীজ সর্টিং, ক্লিনিং ও গ্রেডিং, বীজ প্যাকিং, বীজ সংরক্ষণ, নমুনা সংগ্রহ, বীজ পরীক্ষা প্রভৃতি কাজ সম্পাদনের জন্য বীজ ও উদ্যান উইং-এ সেবাপ্রদান কর্মসূচি বিদ্যমান রয়েছে। বিএডিসি'র সবজি বীজ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২০০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন ডোমরাকান্দি, ফরিদপুর এবং টেবুনিয়া, পাবনায় পেঁয়াজ বাল্ব বীজ হিমাগারে পেঁয়াজ বাল্ব বীজ সংরক্ষণ সেবা প্রদানের লক্ষ্যে সংস্থার পর্ষদ কর্তৃক সেবা ভিত্তিক সার্ভিস চার্জসমূহ নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে। এ সকল সেবা কার্যক্রম পরিচালনাকালে আবশ্যিক শর্তাবলি অনুসরণ করতে হবে।

পেঁয়াজ বাল্ব বীজ হিমাগারে নির্ধারিত সেবাভিত্তিক সার্ভিস চার্জসমূহের বিবরণ।

ক্রঃ নং	সেবার ধরণ	সেবার একক	সার্ভিস চার্জ	মন্তব্য
১।	ট্রাক লোডিং/আনলোডিং	প্রতি কেজি	০.৩০ (ত্রিশ পয়সা)	
২।	বীজ সটিং গ্রেডিং ও ক্লিনিং	প্রতি কেজি	২.০০ (দুই) টাকা	
৩।	বীজ ওজন ও বস্তাবন্দিকরণ	প্রতি কেজি	০.৩০ (ত্রিশ পয়সা)	
৪।	বীজ সংরক্ষণের জন্য র‍্যাকিং এর নিমিত্তে হিমাগারে বস্তা হ্যান্ডলিং	প্রতি কেজি	০.৪০ (চল্লিশ পয়সা)	
৫।	হিমাগারে বস্তা রিলটিং ও রির‍্যাকিং	প্রতি কেজি	০.৪০ (চল্লিশ পয়সা)	
৬।	বীজ সংরক্ষণ (পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার)	ক) প্রথম ৬ মাসের জন্য প্রতি কেজি খ) পরবর্তী পনের দিনের জন্য প্রতি কেজি	ক) ২০.০০ (বিশ) টাকা খ) ৪.০০ (চার) টাকা	ক) জুন হতে নভেম্বর পর্যন্ত খ) সর্বোচ্চ ডিসেম্বর মাস
৭।	বীজ ফ্যানিং এর জন্য বস্তা হ্যান্ডলিং	প্রতি কেজি	০.৩০ (ত্রিশ পয়সা)	
৮।	বীজ প্যাকিং (বীজ ভর্তি ও ওজনকরণ ১০ কেজির নিচে)	প্রতি কেজি	০.৫০ (পঞ্চাশ পয়সা)	
৯।	বীজ প্যাকিং (বীজ ভর্তি ও ওজনকরণ ১০ কেজি এবং তদুর্ধ্ব)	প্রতি কেজি	০.৭৫ (পচাত্তর পয়সা)	
১০।	বীজ প্যাকিং (সেলাইকরণ)	প্রতি কেজি (সেলাইকরণ)	০.৩০ (ত্রিশ পয়সা)	
১১।	বীজের নমুনা সংগ্রহ	প্রতি কিঃ মিঃ	২০.০০ (বিশ) টাকা	

অপৃদ্রঃ

আবশ্যিক শর্তাবলিঃ

ক) পেঁয়াজ বাল্ব বীজের সর্টিং-গ্রেডিং ও ক্লিনিং বিএডিসি'র প্রচলিত নিয়মে সম্পাদিত হবে। শুধু সর্টিং-গ্রেডিং সেবা গ্রহণকারীকে অপারেশন সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে বীজ ও প্রসেসিং ওয়েস্ট ফেরৎ নিতে হবে।

খ) বীজ সংরক্ষণের নিমিত্তে ''আগে আসলে আগে পাবেন'' ভিত্তিতে সংস্থার হিমাগারে বে-সরকারি খাতে প্রদানযোগ্য গুদামে স্পেস অনুযায়ী স্থানীয় দপ্তর/বিভাগীয় প্রধান বরাবর আবেদনের পরিপ্রেক্ষিতে বরাদ্দ পাওয়া যাবে। স্থানীয় দপ্তরসমূহে দাখিলকৃত আবেদনপত্র গুলো বিভাগীয় প্রধানের অনুমোদন গ্রহণ আবশ্যক।

গ) সংরক্ষণ সেবা গ্রহণকারীকে স্পেস বরাদ্দ নেয়ার ১০(দশ) দিনের মধ্যে প্রদেয় সার্ভিস চার্জের ন্যূনতম ২৫% অর্থ অগ্রিম হিসাবে জমা প্রদান করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

ঘ) সংরক্ষণের নিমিত্ত প্রেরিত বীজের ব্যাপারে আবেদনকারীর নিকট হতে সেবা প্রদানকারী স্থানীয় দপ্তরকে বীজ উৎপাদন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে। সংরক্ষণযোগ্য বীজ অবশ্যই নির্ধারিত মানসম্পন্ন হতে হবে।

ঙ) সেবা প্রদানকারী কেন্দ্রে বীজ আসার সঙ্গে সঙ্গে বাহ্যিকভাবে পরীক্ষা করে দেখতে হবে। এ সকল বীজের স্বাভাবিক রং ও আকার-আকৃতি সঠিক আছে কিনা ইত্যাদি যাচাই করে দেখতে হবে।

চ) সংরক্ষণের পূর্বে অবশ্যই বীজের সর্টিং-গ্রেডিং ও ক্লিনিং সম্পন্ন করে নির্ধারিত আকারের পেঁয়াজ বাল্ব বীজ গ্রহণ করতে হবে।

ছ) সংরক্ষণযোগ্য বীজ সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিজস্ব বস্তায় রাখতে হবে।

জ) সংরক্ষণের জন্য গৃহীত বীজের বিপরীতে সেবা গ্রহণকারীকে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করতে হবে।

ঝ) বীজ সংরক্ষণ শেষে সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান তার নিজস্ব বস্তায়/প্যাকেটে বীজ ডেলিভারি নিবেন। ডেলিভারির সময় গ্রহণকারীর স্বাক্ষর নিতে হবে।

ঞ) বে-সরকারি পর্যায়ে বীজ কার্যক্রমের সকল প্রকার সার্ভিস চার্জ রসিদের মাধ্যমে আদায় করতে হবে। প্রাপ্ত অর্থ নিয়ম অনুযায়ী সংস্থার খাতে জমা দিতে হবে।

ট) সংরক্ষণযোগ্য বীজ ব্যতিরেকে অন্যান্য বীজের সেবা প্রদানের সঙ্গে সঙ্গে সার্ভিস চার্জ আদায়যোগ্য। কেবল সংরক্ষিত বীজের বেলায়, বীজ ডেলিভারি নেয়ার সময় প্রদত্ত সকল সেবার সার্ভিস চার্জ একত্রে পরিশোধ করতে হবে।

ঠ) বে-সরকারি পর্যায়ে প্রদত্ত সকল সেবা সংশ্লিষ্ট রেজিস্টারসমূহে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। সংরক্ষণ সেবা দেয়া হলে মজুদ বহিতেও লিপিবদ্ধ করতে হবে। তাছাড়া, বে-সরকারি বীজ উৎপাদনকারীদের বীজ প্রসেসিং ও সংরক্ষণ সেবা প্রদান রেজিস্টারটি ব্যবহার করতে হবে।

ড) সেবা প্রদানকারী দপ্তর সদর দপ্তরের কর্মসূচি ব্যহত না করে বে-সরকারি পর্যায়ের বীজ কার্যক্রমে হিমাগারের বিদ্যমান সুযোগ-সুবিধার ভিত্তিতে সেবা দেয়ার ব্যাপারে স্থানীয়ভাবে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

ঢ) কোন হিমাগারে কি পরিমাণ বীজ বে-সরকারি সেবার আওতায় সংরক্ষণ করা যাবে, তা সংস্থার সকল হিমাগারের ধারণ ক্ষমতা ও নিজস্ব কর্মসূচির আলোকে কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের ভিত্তিতে নির্ধারণ করে অনুমোদন দেয়া হবে।

ণ) আগ্রহী সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান বীজ সংক্রান্ত সেবা কার্যক্রমের পদ্ধতি ও সংশ্লিষ্ট তথ্যাদি বিএডিসি'র স্থানীয় সেবা প্রদানকারী দপ্তরের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে বিস্তারিতভাবে অবহিত হতে পারবেন।

এ আদেশ ০১ জুলাই, ২০১৭ থেকে কার্যকর হবে।

২০/৭/১৭

(নূর মোহাম্মদ মন্ডল)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।
ফোন- ৯৫৫২৩১৭

অপৃঃ

অনুলিপি (কার্যার্থে)ঃ-

১। উপপরিচালক (ডাল ও তৈল বীজ/ক:গ্রো:), বিএডিসি, ডোমরাকান্দি, ফরিদপুর।
২। উপপরিচালক (বীবি/খামার), বিএডিসি, টেবুনিয়া, পাবনা।
৩। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, মিরপুর, ঢাকা।
৪। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ উৎপাদন খামার, বিএডিসি, আলমনগর, রংপুর/ আমঝুপি, মেহেরপুর।
৫। .... সকল পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী/বীজ ব্যবসায়ী/বীজ কোম্পানি।
৬। সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন, ১৪৫/সিদ্দিক বাজার, ঢাকা।
৭। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ-

১। প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি, ঢাকা।
২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (ক: গ্রো:/বীবি/খামার/বীপ্রস/সিডিপি ক্রপস), বিএডিসি, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (বীজ/পাট বীজ/উদ্যান/এএসসি), বিএডিসি, ঢাকা।
৪। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, বিএআরআই, শিবগঞ্জ, বগুড়া
৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/সার ব্যস্থাপনা/ক্ষুদ্র সেচ/অর্থ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৮। মহাপরিচালক (বীজ), বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২০/০৩/২০১৭

(মুসতাক আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
বিএডিসি,ঢাকা।